

প্রবাসী অগ্রণী রেমিটেন্স কার্ড ব্যবহারের নিয়মাবলী

- প্রাপ্ত বয়স্ক সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যেকোন বাংলাদেশী নাগরিক নিজ নামে কার্ড গ্রহণ করতে পারবেন।
- কার্ডের জন্য শাখা হতে আবেদনপত্র গ্রহণ করতে হবে এবং তা সঠিকভাবে পূরণ করতে হবে। ভুল তথ্য প্রদানের কারণে টাকা প্রদানের ক্ষেত্রে কোনরূপ অসুবিধার সৃষ্টি হলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- আবেদন পত্রের সাথে গ্রাহকের পাসপোর্ট সাইজের দু'কপি ছবি, যথাযথ পরিচিতি (জাতীয় পরিচয় পত্র, পাসপোর্ট অথবা ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত কপি) প্রদান করতে হবে।
- আবেদনপত্রে উল্লেখিত গ্রাহকের বর্তমান/স্থায়ী ঠিকানা বা মোবাইল নম্বরের কোনরূপ পরিবর্তন হলে তাৎক্ষণিকভাবে ব্যাংককে অবহিত করতে হবে।
- কার্ড রেজিস্ট্রেশন ও বাৎসরিক নবায়ন ফি ১০০/- টাকা। পরবর্তীতে ব্যাংক কর্তৃক কোন চার্জ প্রবর্তন করা হলে তা কার্ডের প্রতী প্রযোজ্য হবে।
- কার্ডের জন্য আবেদনের সময়ে গ্রাহককে ১০/- (দশ) টাকা জমা দিতে হবে যা গ্রাহকের কার্ডে সর্বদা জমা থাকবে।
- POS সুবিধা সম্বলিত অগ্রণী ব্যাংক লিমিটেড-এর সকল শাখায় এবং ইলেক্ট্রোয়েজ (Electroways) লোগো সম্বলিত সকল ATM থেকে এই কার্ড দ্বারা নগদ অর্থ উত্তোলন করা যাবে।
- এই কার্ডের মাধ্যমে শুধুমাত্র টাকায় বৈদেশিক রেমিটেন্স গৃহীত হবে।
- কার্ডটির জন্য একটি নির্ধারিত পিন নম্বর রয়েছে। এই খামের মধ্যে উক্ত পিন সম্বলিত একটি পিন মেইলার রয়েছে। কোন কারণে পিন মেইলারটি মুখবন্ধ অবস্থায় বা অক্ষত না থাকলে তা সঙ্গে সঙ্গে ব্যাংকের শাখায় ফেরৎ দিতে হবে। পিন নম্বরটি অত্যন্ত গোপনীয়। কোন অবস্থাতেই পিন নম্বর অন্য কোন ব্যক্তিকে জানানো যাবেনা এবং পিন মেইলারে বর্ণিত শর্তাবলী মেনে চলতে হবে।
- অগ্রণী ব্যাংক লিমিটেড রেমিটেন্স নীতিমালা অনুসরণ করতে হবে।
- প্রতি বছর কার্ড নবায়ন করতে হবে। নবায়নের সময় ব্যাংক কর্তৃক নির্ধারিত নবায়ন ফি প্রদান করতে হবে।
- কোন কারণে অথবা ভুল বশতঃ কার্ডের মাধ্যমে অতিরিক্ত অর্থ উত্তোলন করা হলে গ্রাহক অতিরিক্ত উত্তোলিত অর্থ ফেরৎ দিতে বাধ্য থাকবে।
- এই কার্ডে যেকোন পরিমাণ রেমিটেন্স প্রেরণ করা যাবে। তবে প্রতিবারে এর পরিমাণ সর্বোচ্চ ১০ লক্ষ টাকা।
- প্রতিটি কার্ডে দৈনিক উত্তোলন সীমা POS মেশিনে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা এবং ATM - এ ব্যাংক কর্তৃক নির্ধারিত পরিমাণ।
- সঠিক পিন নম্বর প্রয়োগের মাধ্যমে কার্ডটি ব্যবহার করতে হবে। পিন নম্বরটি ভুল হলে সর্বোচ্চ ৬ বার চেষ্টা করার সুযোগ রয়েছে। ৬ এর অধিক বার ভুল নম্বর দিয়ে চেষ্টা করলে কার্ডটি সাময়িকভাবে ব্যবহারের অনুপযোগী হবে। ২৪ ঘন্টা পর কার্ডটি পুনরায় ব্যবহার উপযোগী হবে।

- বৈদ্যুতিক ও যান্ত্রিক ত্রুটির কারণে কার্ডটি ব্যবহার অনুপযোগী হলে অথবা ভুল পিন ব্যবহারের কারণে (সর্বোচ্চ ৬ বার) কার্ড ব্লক হয়ে গেলে অথবা কার্ড হারিয়ে গেলে তার জন্য ব্যাংক দায়ী থাকবে না।
- আদালত বা সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক কোন কার্ডের লেনদেনের উপর নিষেধাজ্ঞা আরোপিত হলে কার্ডটির লেনদেন বন্ধ থাকবে।
- সিস্টেম মেরামত, রক্ষণাবেক্ষণ, টেলিযোগাযোগ ও বৈদ্যুতিক গোলযোগ, নেটওয়ার্ক বিচ্ছিন্নতা এবং ব্যাংকের নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে লেনদেন সাময়িকভাবে বন্ধ থাকলে ব্যাংক দায়ী থাকবে না।
- কার্ডে রেমিটেন্স জমা হওয়ার সংবাদ আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে গ্রাহককে অবগত করা হবে।
- নগদ অর্থ উত্তোলনের সুবিধা ছাড়াও অগ্রণী ব্যাংক লিমিটেড-এর শাখার POS অথবা Electroways চিহ্নিত ATM-এ কার্ডের জমা স্থিতি জানা যাবে।
- কার্ডের লেনদেন সংক্রান্ত হিসাবের সঠিকতা নিশ্চিত করতে এ সংক্রান্ত সকল রশিদ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- প্রেরক কর্তৃক ভুল তথ্য বা ব্যত্যা প্রদানের কারণে রেমিটেন্সের অর্থ জমা করণে বিলম্ব হলে ব্যাংক কোন অবস্থাতেই দায়ী হবে না।
- কার্ডটি হারানো বা চুরি গেলে অথবা এটি অজান্তে ব্যবহৃত হচ্ছে মর্মে সন্দেহ হলে অতিশীঘ্র নিকটস্থ অগ্রণী ব্যাংক লিমিটেড-এর শাখায় অথবা নিম্ন ঠিকানায় যোগাযোগ করে তা অবহিত করতে হবে।

রেমিটেন্স ইনফরমেশন ডেস্ক
বৈদেশিক রেমিটেন্স ব্যবস্থাপনা বিভাগ
অগ্রণী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
৯/ডি দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোনঃ ৮৮-০২-৯১৬১৫৩০, ০১৯১৩৪৮০১০৯,
৮৮-০২-৯৫৬৬১৬০-৯, এক্সট-৫৭৮
e-mail: agbkfrmd@bangla.net
website : www.agranibank.org

Remittance Information Desk
Foreign Remittance Management Division
Agrani Bank Limited
Head Office
9/D Dilkusha C/A, Dhaka-1000,
Bangladesh
Ph: 88-02-7161530, 01713480109,
88-02-9566160-9, EXT-578
e-mail: agbkfrmd@bangla.net
website : www.agranibank.org

আমি এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, এ কার্ড সংক্রান্ত উপরোক্ত নিয়মাবলী/শর্তাবলী অবগত হয়েছি এবং তা মেনে চলার অঙ্গীকার করছি। আমি স্বজ্ঞানে ঘোষণা করছি যে আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদি সত্য। এছাড়াও অতিরিক্ত যে কোন তথ্যের প্রয়োজন হলে তা সরবরাহ করব।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর



Wholly owned by CashLink



Wholly owned by CashLink



অগ্রণী ব্যাংক লিমিটেড

প্রবাসী অগ্রণী রেমিটেন্স কার্ড

আবেদনপত্র

